

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
অডিট শাখা  
www.tmed.gov.bd

তারিখঃ ০৪ কার্তিক, ১৪২৬ বঃ  
২০ অক্টোবর, ২০১৯ খ্রিঃ

স্মারক নং-৫৭.০০.০০০০.১৪২.০১.০৯৯.১৮- ২৬৮

বিষয়ঃ চট্টগ্রাম জেলার সাতকানিয়া উপজেলাধীন বায়তুল শরফ আখতারিয়া আদর্শ আলিম মাদ্রাসা-এর ব্রডশীট জবাবের উপর ডিজি মাদ্রাসা অধিদপ্তর কর্তৃক সুপারিশের সমর্থনে কোন প্রমাণক না দেয়া প্রসঙ্গে।

সূত্র:	১। পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের স্মারক নং- ডিআইএ/চট্টগ্রাম/১৪১৫-এম/চট্ট:২৯০;	তারিখ: ১৯/০৯/২০১৭ খ্রি:
	২। নেকটার এর স্মারক নং- ৫৭.২১.০০০০.০০৭.৩৬.০০১.১৭-১১৬৭;	তারিখ: ১৫/১০/২০১৭ খ্রি:
	৩। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৭.০৩১.১৮.২৫;	তারিখ: ৩১/০৭/২০১৮ খ্রি:
	৪। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.১৪২.০১.০৯৯.১৮.৮০/৫৬৩;	তারিখ: ১৮/১১/২০১৮ খ্রি:
	৫। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৯.০১৮.১৮-০৭	তারিখ: ০৮/০২/২০১৯ খ্রি:
	৬। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.১৪২.০১.০৯৯.১৮- ৩৮,	তারিখ: ০৩/০৪/২০১৯ খ্রি:
	৭। টিএমইডি'র স্মারক নং-৫৭.০০.০০০০.১৪২.০১.০৯৯.১৮-৯৭,	তারিখ: ০৪/০৭/২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় এবং সূত্রের আলোকে মহোদয়ের সমীপে জানানো যাচ্ছে যে, ৫ নং সূত্রের মাধ্যমে বিষয়ে বর্ণিত মাদ্রাসার বিএসআর (মহোদয়ের সুপারিশসহ) পাওয়া গেছে।

০২. প্রাপ্ত বিএসআর জবাবটি পর্যালোচনায় দেখা যায় যে, ১-নং ডিআইএর সূত্রের প্রেক্ষিতে ২-নং সূত্রের মাধ্যমে নটামস কর্তৃক (বর্তমান নাম নেকটার) অর্থাৎ কম্পিউটার প্রশিক্ষণ সনদ প্রদানকারী কর্তৃপক্ষ নেকটার কর্তৃক জানানো হয়েছে যে, বিষয়ে বর্ণিত মাদ্রাসার সহকারী শিক্ষক (কম্পিউটার) জনাব মুহাম্মদ আবু হুরাইরা (ইনডেক্স নং- ২০১২০৯০) এর সনদটি জাল বা ভুয়া মর্মে অভিহিত হওয়া সত্ত্বেও নেকটার কর্তৃপক্ষের সনদ এবং সুপারিশ ব্যতীত জনাব মুহাম্মদ আবু হুরাইরার বিরুদ্ধে উত্থাপিত আপত্তি নিষ্পত্তির জন্য মহোদয় কর্তৃক সুপারিশ করা হয়েছে অর্থাৎ সুপারিশের স্বক্ষে কোন প্রমাণক বিএসআর-এর সঙ্গে সংযুক্ত করা হয়নি বিধায় আপত্তিটি যেমন নিষ্পত্তি করা যাচ্ছে না তেমনিভাবে প্রমাণক সংযুক্ত না করার কারণ জানাও আবশ্যিক।

০৩. সুপারিশের সমর্থনে কোন প্রমাণক(নেকটার কর্তৃক প্রদত্ত) সংযুক্ত না করায় মহোদয় কর্তৃক প্রদত্ত সুপারিশের আলোকে আপত্তি নিষ্পত্তি করা সম্ভব নয়।

০৪. এমতাবস্থায়, সুপারিশের সমর্থনে গ্রহণযোগ্য প্রমাণক সংযুক্ত করে আগামী ১৬/০৪/২০১৯ খ্রি. তারিখের মধ্যে বিএসআর জবাব কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে প্রেরণ করার জন্য সূত্রে বর্ণিত (৭) নং স্মারকের মাধ্যমে সবশেষ অনুরোধ করা হয়েছিল কিন্তু নির্ধারিত সময়ের পর প্রায় ১০৬ (৩ মাস ১৬ দিন) দিন অতিক্রান্ত হওয়া সত্ত্বেও চাহিত তথ্য আজোবধি পাওয়া যায়নি। দেৱীর কারণ ব্যাখ্যাসহ **আগামী ৩১.১০.২০১৯ খ্রি. তারিখের মধ্যে চাহিত তথ্য (প্রমাণকসহ) টিএমইডি-তে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে ৩য় বারের মতো অনুরোধ করা হলো।**

সংযুক্তি: সূত্রোল্পত্র ১ ও ২ (২ ফর্দ)। (পূর্বে প্রেরিত)

স্বাঃ

(নূরজাহান বেগম)  
সিনিয়র সহকারী সচিব (অডিট)  
ফোনঃ ৯৫৭৫২৭২

মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩, ৩৭/৩/এ,

ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

স্মারক নং-৫৭.০০.০০০০.১৪২.০১.০৯৯.১৮- ২৬৮

তারিখঃ ০৪ কার্তিক, ১৪২৬ বঃ  
২০ অক্টোবর, ২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ২য় ব্লক, ঢাকা।

২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৪। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৫। অধ্যক্ষ, বায়তুল শরফ আখতারিয়া আদর্শ আলিম মাদ্রাসা, উপজেলা-সাতকানিয়া, জেলা-চট্টগ্রাম।

৬। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮-৯। অফিস কপি /মাস্টার কপি।

স্বাঃ

(নূরজাহান বেগম)  
সিনিয়র সহকারী সচিব (অডিট)